পিএইচ.ডি. কোর্সওয়ার্ক ২০২৫

বাংলা

কোর্স ১

প্রথম সেমেস্টার

গবেষণার পদ্ধতি ও প্রকরণ

সময় : ৪ ঘণ্টা পূর্ণমান : ৮০

১। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দিন : ২x১৫=৩০

ক) পূর্ণাঙ্গ গবেষণাপত্র কীভাবে তৈরি করতে হয় সে-বিষয়ে আপনার অভিমত জানান।

খ) গ্রন্থপঞ্জি ও পত্রিকাপঞ্জি নির্মাণের গুরুত্ব উল্লেখ করে এর আদর্শ নমুনা লিখুন।

গ) ঊনবিংশ শতাব্দীতে ঈশ্বরচন্দ্র গুপ্ত ও বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় তাঁদের সম্পাদিত সাময়িক পত্রে বাংলা ভাষা-সাহিত্যের গবেষণা কার্যের প্রাথমিক পদ্ধতি কীভাবে প্রয়োগ করেছিলেন আলোচনা করুন।

ঘ) লোকসংস্কৃতির ক্ষেত্রসমীক্ষা বিষয়ে একটি নিবন্ধ রচনা করুন।

২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দিন : ৫x২=১০

ক) আকরগ্রন্থ ও সহায়কগ্রন্থের পার্থক্য দেখান।

খ) দুটি অনলাইন লাইব্রেরির নাম লিখুন।

গ) গবেষণা ভিত্তিক প্রকাশনার ক্ষেত্রে 'কপি এডিটর' ও 'প্রুফ রিডার'এর ভূমিকা আলোচনা করুন।

ঘ) গবেষণার ক্ষেত্রে সাক্ষাৎকারের গুরুত্ব লিখুন।

ঙ) লোকসংস্কৃতির ক্ষেত্রসমীক্ষা বিষয়ক দুটি গ্রন্থের নাম লিখুন।

৩। যে-কোনো ছটি প্রশ্নের উত্তর দিন : ৬x৫=৩০

ক) গবেষণাপত্রে পরিশিষ্ট ব্যবহারের প্রয়োজনীয়তা সম্পর্কে লিখুন।

খ) গ্রন্থের মুদ্রণ ও সংস্করণের পার্থক্য দেখান।

গ) গ্রন্থপঞ্জির একটি আদর্শ নমুনা পেশ করুন।

ঘ) ঠাণ্ডা/ ঠান্ডা আর কাহিনি/ কাহিনী — এই বানানগুলির মধ্যে কোন্ রূপগুলি শুদ্ধ তা চিহ্নিত করুন ও সেই রূপগুলি কেন শুদ্ধ তা নির্দেশ করুন।

ঙ) গবেষণা কার্যে 'তথ্য' ও 'বিশ্লেষণ' কী অর্থে পরিপূরক নির্দিষ্ট উদাহরণ সহযোগে আলোচনা করুন।

চ) ডিজিটাল আর্কাইভ কাকে বলে উদাহরণ সহযোগে বুঝিয়ে দিন।

ছ) লোকসংস্কৃতির ক্ষেত্রসমীক্ষার ক্ষেত্রে তথ্যদাতা নির্বাচন বিষয়ে আলোকপাত করুন।

জ) ক্ষেত্রসমীক্ষায় অডিও ভিজুয়াল যন্ত্রের ব্যবহার সম্পর্কে আপনার অভিমত জানান।

ঝ) ক্ষেত্রসমীক্ষার অঞ্চল নির্ধারণের গুরুত্ব সম্পর্কে লিখুন।

পরপৃষ্ঠায় দ্রষ্টব্য

। ক এবং খ প্রশ্নের উত্তর আবশ্যিক (এই পৃষ্ঠাটি উত্তরপত্রে সংযুক্ত করতে হবে) : ২x৫=১০

ক) মূল কপির সঙ্গো মিলিয়ে প্রুফ সংশোধন করুন :

মূল কপি :

নিষ্কাম ধর্ম্মের অনুশীলনের যে জীবন্ত দৃষ্টান্তগুলি বঙ্কিম অতুলনীয় তুলি দিয়া আঁকিয়াছেন, তাহা পড়িতে পড়িতে আমাদের মন এক অনির্ব্বচনীয় স্ফূর্ত্তিতে সতেজ হইয়া উঠে; আমরাও যেন ইহাদের সঙ্গো সঙ্গো উঁচু হইতেছি; নিজ জীবনে কৃচ্ছ্র সাধনা করিবার, নৈতিক উন্নতির চরমে উঠিবার আকাঙ্ক্ষা আমাদের মনেও জাগিয়া উঠে; আবার পরক্ষণেই হতাশা ও অবসাদ আসিয়া আমাদিগকে মর্ত্ত্যে নামাইয়া দেয়। আগুনে পোড়াইয়া হাতুড়ি পিটিয়া লোহাকে যেমন ইস্পাত করা হয়, তেমনই বড় দৈন্য, বড় দুঃখ, বড় কঠোর সংযমের ভিতর দিয়া শান্তি ও জীবানন্দ, দেবী ও শ্রী গড়িয়া উঠিয়াছিল।

প্রুফ :

নিষ্কাম ধর্ম্মের অনুশীলনের যে জীবন্ত দৃষ্টান্তগুলি বঙ্কিম অতুলনীয় তুলি দিয়া আঁকিয়াছেন; তাহা পড়িতে পড়িতে আমাদের মন এক অনির্বচনীয় স্ফূর্ত্তিতে সতেজ হইয়া উঠে। আমরাও যেন ইহাদের সঙ্গো সঙ্গো উঁচু হইতেছি; নিজ জীবনে কৃচ্ছ্র সাধনা করিবার, নৈতিক উন্নতির চরমে উঠিবার আকাঙ্ক্ষা আমাদের মনেও জাগিয়া উঠে; আবার পরক্ষণেই হতাশা ও অবসাদ আসিয়া আমাদিগকে মর্ত্ত্যে নামাইয়া দেয়। আগুনে পোড়াইয়া হাতুড়ি পিটিয়া লোহাকে যেমন ইস্পাত করা হয়, তেমনই বড় দৈন্য, বড়ো দুঃখ, বড় কঠোর সংযমের ভিতর দিয়া শান্তি ও জীবানন্দ, দেবী ও শ্রী গড়িয়া উঠিয়াছিল।

খ) মূল কপির সঙ্গো মিলিয়ে প্রুফ সংশোধন করুন :

মূল কপি :

যে জানালা আজও বন্ধ আমার,
এবারে তা যেন খুলতে পারি।
যে রয়েছে শুয়ে ধূলিশয্যায়
যেন হাতে ধরে তুলতে পারি।
পিছনে যা আছে পিছনেই থাক্,
যেন পিছুডাক ভুলতে পারি।

প্রুফ :

যে জানালা আজও বন্ধ আমার
এবারে তা যেমন খুলতে পারি।
যে যে রয়েছে শুয়ে ধূলিসয্যায়
যেন হাতে ধরে তুলতে পারি।
পিছনে যা আছে পিছনেই থাক,
যেন পিছু ডাক ভুলতে পারি।

—

পিএইচ. ডি কোর্স ওয়ার্ক ২০২৫

বাংলা

প্রথম সেমেস্টার

কোর্স: ২ (ঐচ্ছিক)

প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্য

সময়: ৪ ঘণ্টা পূর্ণমান: ৮০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত। প্রতিটি প্রশ্নের উত্তর প্রদান আবশ্যিক

একক— ১

১। (ক) জাতীয় পুথি মিশনের (National Mission for Manuscript) নির্দেশ অনুসারে প্রদত্ত পত্রের হ্যান্ড লিস্টসহ পাঠ নির্মাণ করুন। ৪+৬=১০

অথবা

(খ) "শাকে ইন্দু সিন্ধু রস বিন্দু পায় তাতে।
সমাপ্তি কুম্ভের অষ্টবিংশাহ্নি সন্ধাতে।।
বারে মিত্র কালো পক্ষ দশমী পাইল।
হরিঃধনি কর সবে গ্রন্থ নিবড়িল।।"

উদ্ধৃত কালজ্ঞাপক শ্লোক অনুসারে পুথি রচনার কাল নির্দেশ করে পুথির কালনির্ণয় পদ্ধতি আলোচনা করুন। ৫+৫=১০

২। নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দিন: ৫X২=১০

(ক) কাকপদ ও তোলাপাঠ কী?

(খ) আক্ষরিক সম্পাদনা পদ্ধতিতে সম্পাদিত দুটি গ্রন্থের নাম লিখুন।

(গ) সুখময় মুখোপাধ্যায় লিখিত দুটি গ্রন্থের নাম লিখুন।

(ঘ) অণিমা মুখোপাধ্যায় সম্পাদিত পদসংকলন গ্রন্থের নাম ও প্রকাশকাল লিখুন।

(ঙ) 'চিঠিপত্রে সমাজচিত্র' গ্রন্থের খণ্ডগুলির বিষয় উল্লেখ করুন।

একক— ২

৩। (ক) নাথধর্ম সম্প্রদায়ের সাধন-পদ্ধতি সংক্ষেপে বিশ্লেষণ করুন। ১০

অথবা

(খ) শাক্তধর্ম-সাধনার মূল কথাগুলি আলোচনা করুন। ১০

৪। নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দিন: ৫X২=১০

(ক) 'রস' ও 'রতি' কাকে বলে?

(খ) 'নবরসিক'-এর অর্থ কী?

(গ) সহজিয়া বৌদ্ধদের চারটি শূন্যতার নাম লিখুন।

(ঘ) বৌদ্ধধর্মের ত্রি-রত্ন কী কী?

(ঙ) 'সাধ্যসাধনতত্ত্ব' কে কাকে ব্যাখ্যা করেছিলেন?

একক— ৩

৫। (ক) সামাজিক, সাংস্কৃতিক, রাজনৈতিক ও অর্থনৈতিক প্রেক্ষাপটের আলোকে 'শ্রীকৃষ্ণকীর্ত্তন' কাব্যটি আলোচনা করুন। ১০

অথবা

(খ) 'মধ্যযুগের এক বিশেষ সামাজিক, সাংস্কৃতিক ও রাজনৈতিক প্রেক্ষাপটে মঙ্গলকাব্য ধারার উদ্ভব।' প্রাচীন ধারার মনসামঙ্গলের একজন কবির কাব্য অবলম্বনে মন্তব্যটির যৌক্তিকতা বিচার করুন। ১০

৬। নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দিন: ৫X২=১০

(ক) চর্যাগীতির দুজন সম্পাদকের নাম লিখুন।

(খ) মঙ্গলকাব্য রচনার দুটি কারণ উল্লেখ করুন।

(গ) আহমদ শরীফের লেখা দুটি গ্রন্থের নাম লিখুন।

(ঘ) 'নাট-গীতি-পাঞ্চালী' কে কোন গ্রন্থ সম্পর্কে বলেছেন?

(ঙ) তুর্কি আক্রমণের দুটি ফলশ্রুতি উল্লেখ করুন।

একক— ৪

৭।(ক) উনিশ শতকে বৈষ্ণব সাহিত্যচর্চা বিষয়ে একটি নিবন্ধ রচনা করুন। ১০

অথবা

(গ) বিশ শতকের বাংলা গল্প-উপন্যাসে মঙ্গলকাব্যের অনুসৃতি বিষয়ে একটি নিবন্ধ রচনা করুন। ১০

৮। নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দিন: ৫X২=১০

(ক) উনিশ শতকে লেখা একটি মনসামঙ্গল ও একটি চণ্ডীমঙ্গল কাব্যের নাম লিখুন।

(খ) বঙ্কিমচন্দ্রের 'Bengali Literature' প্রবন্ধটি কবে কোথায় প্রথম প্রকাশিত হয়?

(গ) কৃত্তিবাসী রামায়ণের দুজন সম্পাদকের নাম লিখুন।

(ঘ) চর্যাগীতির অনুসৃতি বিষয়ক দুটি উপন্যাসের নাম লিখুন।

(ঙ) মনসামঙ্গলের কাহিনি অবলম্বনে লেখা দুটি কবিতার নাম লিখুন।

----------

৩৪ শ্রীনিধিবেকাপিত : হরিবিক্রমসত্তমাত : পিতা হইবে দ্রহিতা সম্ভাসে ।। বাষ্টমব ভাবিকবনা : গঙ্গাবাজি বনা : লোভমবং সবে হইলে হবা । কলিযুগান্তরকালে : ক্ষিতিজালে বনাবনে : নাথা দ্বিব
চন্দ্রহস্তীতারা ।। শুনিযা কালির কথা : বেহুলা বলেন মাতা : গ্রামধামা মারে সবক্কান সথা । অদীহইবা মর্গবাসি : মর্তেনহাদযাদানি ; কলিনাগী জেনন হই দেখা ।। কলিযুগ চরিত্র হথা : হরলোভ চাঁদ
বাত্তা : মনসার পায়ে কৈল স্তুতি । কালিন্দ্র বধের পাকে : প্রাণ্মিবি লক্ষ লোকে : পরিনামে কি হইবে গতি । দেবি বলেন সদাগর : পরিনামে হরিহর : নিস্তারে করিতে দোবিনাম । কেমানন্দে বলে বানি : তাবতি
চান্দবানি ; ভক্তিজনকল্পনহিযবাম ।।:।। শুনিযা কালির কথা মনসার মুখে । বেহুলা বলেন মাতা থাবি বোকেন হখে ।। সকল শম্ভু মারা তোমার কারণ । তোমা বিহনে আমার সবান্ধব ।। শ্রী
জগতের মাতা হইবা স্কীবাসি । সজীব করিন বাগো বাপনা দাযা দাসি । এতহানি মন সাই হরা বোদিনা প্রান । বেহুলা নখাই নহিযা হব শ্বব্রোন । চাঁদ সদাগর বলেন : প্রথবন্ধু বলো হে । বসন তিকিযা হান
নোচন বনোহ ।। বিলম্ব তোমার মাযা বুঝি বিপত্তি । সকল সম্পদ দিযা করিনা বপ্রত ।। অপরাধ ক্ষেমা করি হর কর দোষ । দীপানি গাত্ত মাতা কর ন প্রবোধ ।। প্রবোধ করে তারে জয় বিসহরি ।
৩৪ চকাবনে লোক বর চাঁদ অধিকারি । জতকিছু দেখ মহামাযার কারণ । তাহাতে নাহি কহ যাত্তব মহাক্ষণ ।। মাথার কারনে মোব মোহ করে লোক । আপনি বুঝিযা মবে জাণ না বুঝক । ধনজন পরিবা
রহপ বিবার । এইসব ধ্রুবলর দৃঢ় কারাগার ।। বেহুলা নখাই নাগি নাকন হলোক । সবে বলে রক্ত তামি জা বোসি বনোক ।। প্রবেশ করি যাত্তা বেত্তয বিসহরি । বেহুলা নখাই নহিযা জানকোপুরি ।
এতবানি বিসহরি হইল বরে হোত । জযদাবিজ যাদিযা ভক্তে পুষ্পবৃষ্টে ।। দেবিবর বহাতে বাবাদিনা দর্ভিত । যযাদিযা ব্রাহ্মনে উতন বমযান ।। প্রাপ্তি বিসহকে তে বোবাদিযা হত্তদক্ষী । সবারি মেগলাদেবি
স্থাতিতুষ্যা শাস্তি ।। [illegible] হইল বেকেনা সমর্পন । রাত্রি দিনে দোষী পুষ্প হরি বরাদশ ।। দেবশুনি পয়শ হারে সমর্পন কারি । সেহথা সিখ বেতো নাশয বিসহরি । ব্রহ্মাসহ গমনে দোবি বসি নমিযা ।—
নিমিত্তবালা গ্রামের লক্ষ্মীসিংহ পুত্র শ্রীযুক্ত হরেকৃষ্ণ সিংহ মহাশযের পোং [illegible] বামহ [illegible] মহাশযের সা [illegible] বাজ্জিনে ব কাজে নশ্বর বর্ধমানে মহারাজা —
শ্রীলশ্রীযুক্ত গোবিন্দচন্দ্র রাযব জাইন্দ্র বায বাহাদুর বাদুতমা শ্রী পাঠ [illegible] নগর জানান দী [illegible] নিবাবক রবে নাযেব শ্রী [illegible] নবাব গোবন্দ
৩৪ সঙ্কডন বিদ্যমান বাজানা সকাব্দা সন ১৭৪৪ সাল মাহ [illegible] তারিখ ।। [illegible] মণিনাথ সাহেব কথনে সন ১২২৬ বার
দোবিবত্ত্বশ্রব হইতি হয ।। গাযনে বাযনে মাজিযানে হবর । [illegible] আমার । [illegible] । [illegible] হরিবল হরিহরি । [illegible]

পিএইচ.ডি কোর্স ওয়ার্ক ২০২৫

বাংলা

প্রথম সেমেস্টার

কোর্স: ২ (ঐচ্ছিক)

রবীন্দ্রসাহিত্য

সময়: ৪ ঘন্টা পূর্ণমান: ৮০

প্রশ্নের মান ডানদিকে উল্লিখিত

প্রত্যেকটি প্রশ্নের উত্তর প্রদান আবশ্যিক

একক – ১

১। (ক) প্রতাপনারায়ণ বিশ্বাস ও শঙ্খ ঘোষের *রক্তকরবী* বিষয়ক বিতর্ক সম্পর্কে আপনার অভিমত জানান। ১০

অথবা

(খ) চল্লিশের বামপন্থী মহলে রবীন্দ্রনাথ কেন্দ্রিক বিতর্ক কতটা সাহিত্যিক ও কতটা রাজনৈতিক বলে আপনি মনে করেন? ১০

২। নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দিন: ২x৫=১০

(ক) দ্বিজেন্দ্রলাল রায়ের *আনন্দ বিদায়* নাটকটি কোন রঙ্গমঞ্চে কবে অভিনয় করা হয়?

(খ) সুরেশচন্দ্র সমাজপতি ইস্পাতরামের ব্যাকরণের কথা কোন লেখার সমালোচনা প্রসঙ্গে কোন পত্রিকায় উল্লেখ করেছেন?

(গ) *সাহিত্য* পত্রিকায় সমালোচিত হয়েছে এমন দুটি রবীন্দ্রনাথের গানের কথা বলুন।

(ঘ) 'কাব্যে নীতি' প্রবন্ধে কোন রবীন্দ্রসৃষ্ট চরিত্রকে কোন পত্রিকায় দ্বিজেন্দ্রলাল আক্রমণ করেছেন?

(ঙ) প্রতাপনারায়ণ বিশ্বাস এডগার এলেন পো-র 'গোল্ড বাগ' গল্পের সঙ্গে রবীন্দ্রনাথের কোন গল্পের তুলনা করেছেন?

একক – ২

৩। (ক) *বলাকা*-র আগে পর্যন্ত রবীন্দ্রনাথের কবিতার প্রকরণের বিবর্তনের ধারাটির একটি কালানুক্রমিক বিবরণ দিন। ১০

অথবা

(খ) *শারদোৎসব*-পরবর্তী রবীন্দ্রনাটকের প্রকরণগত বৈচিত্র্য নিয়ে আলোচনা করুন। ১০

৪। নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দিন: ২x৫=১০

(ক) শেক্সপিয়রে আদলে লেখা রবীন্দ্রনাথের দুটি পঞ্চাঙ্ক নাটকের নাম লিখুন।

(খ) রবীন্দ্রনাথের একটি গীতিনাট্য ও একটি নৃত্যনাট্যের নাম লিখুন।

(গ) রবীন্দ্রনাথের চারটি গদ্যকাব্য গ্রন্থের নাম লিখুন।

(ঘ) রবীন্দ্রনাথ রচিত অনেকগুলি চতুর্দশপদী আছে, এমন দুটি কাব্যের নাম লিখুন।

(ঙ) কবিতায় আখ্যানের আধিক্য আছে, রবীন্দ্রনাথের এমন দুটি কাব্যগ্রন্থের নাম লিখুন।

একক –৩

৫। (ক) জনশিক্ষা বিষয়ে রবীন্দ্রভাবনা ও উদ্যোগসমূহের সংক্ষিপ্ত পরিচয় দিন। ১০

অথবা

(খ) সাহিত্যবিচারে তুলনামূলক পদ্ধতির প্রয়োগ বিষয়ে রবীন্দ্রনাথের মনোভঙ্গির যাথার্থ্য বিচার করুন। ১০

৬। নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দিন: ২x৫=১০

(ক) ইলবার্ট বিল সংক্রান্ত আন্দোলনের পটভূমিকায় রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা দুটি প্রবন্ধর নাম লিখুন।

(খ) মহাভারতের পাঠান্তর নির্ণয়ের কাজে কোন বিদেশি যুক্ত হয়েছিলেন? এই কাজে অন্য কোন প্রতিষ্ঠান এই প্রকল্প সহযোগী ছিল?

(গ) 'বিশ্বসাহিত্য' প্রবন্ধটি কোথায় পড়া হয়েছিল? কোন বইয়ের অন্তর্গত?

(ঘ) বিশ্ববিদ্যা সংগ্রহ পর্যায়ে কী ধরনের বই প্রকাশিত হত?

(ঙ) 'শিক্ষার হেরফের' প্রবন্ধটি কেন গুরুত্বপূর্ণ?

একক – ৪

৭। (ক) *রক্তকরবী*-র প্রথম ও অষ্টম খসড়ার একটি তুলনামূলক আলোচনা করুন। ১০

অথবা

(খ) রবীন্দ্রনাথের কবিতার পাঠান্তরের ফলে নতুন পাঠে কোন কোন ধরনের পরিবর্তন হয়েছে, উদাহরণসহ আলোচনা করুন। ১০

৮। নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দিন: ২x৫=১০

(ক) *ডাকঘর* ও *রক্তকরবী*-র ইংরেজি অনুবাদের নাম লিখুন।

(খ) রবীন্দ্রনাথের একটি উপন্যাস ও তার নাট্যরূপান্তরের নাম লিখুন।

(গ) ধনঞ্জয় বৈরাগীর চরিত্রটি আছে এমন দুটি রবীন্দ্রনাটকের নাম লিখুন।

(ঘ) পত্রিকাপাঠে *চতুরঙ্গ* উপন্যাসের নাম কী ছিল?

(ঙ) রবীন্দ্রনাথের কোন কবিতার পদ্যরূপ আর গদ্যরূপের পাঠান্তর কোন দুটি পৃথক কাব্যগ্রন্থে আছে?

পিএইচ.ডি. কোর্স ওয়ার্ক পরীক্ষা ২০২৫

বাংলা

প্রথম সেমেস্টার

কোর্স-২ (ঐচ্ছিক)

(কথাসাহিত্য)

সময়: ৪ ঘণ্টা

পূর্ণমান: ৮০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

প্রতিটি এককের উত্তরদান আবশ্যিক

**একক-১**

১। ক) আখ্যানের 'নিরীক্ষণ বিন্দু' বলতে কী বোঝেন? আখ্যান পর্যালোচনার ক্ষেত্রে এই 'নিরীক্ষণ বিন্দু'র আলোচনার গুরুত্ব কোথায়? 'ফোকালাইজেশন' আর 'পয়েন্ট অফ ভিউ'-এর দৃষ্টান্তসহ তুলনামূলক আলোচনা করে দেখান কেন আধুনিক আখ্যানতত্ত্বে 'ফোকালাইজেশন'-কে এত গুরুত্ব দেওয়া হয়? ২+৩+৫=১০

অথবা

খ) উপন্যাসের 'দেশমাত্রা' ও 'কালমাত্রা' বিষয়ে সবিশেষ আলোকপাত করুন। ১০

২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দিন: ৫×২=১০

ক) মিখাইল বাখতিনের লেখা উপন্যাসতত্ত্ব বিষয়ক দুটি গ্রন্থের ইংরেজি নাম লিখুন।

খ) একটি সরল ও সংহত এবং একটি জটিল ও হর্ম্যকার প্লটের বাংলা উপন্যাসের নাম লিখুন।

গ) 'ইমপ্লায়েড অথর' ধারণাটি কার, কোন বই থেকে আখ্যানতত্ত্ব গ্রহণ করেছিল বলে মনে করা হয়?

ঘ) 'রাজা মারা গেলেন সেই দুঃখে রানি মারা গেলেন।' স্টোরির সঙ্গে প্লটের তফাৎ বোঝাতে গিয়ে কে, কোন বইতে এই দৃষ্টান্তটি ব্যবহার করেছিলেন?

ঙ) 'কার্নিভাল' উপাদান আছে এমন দুটি বাংলা উপন্যাসের নাম লিখুন।

**একক-২**

৩। ক) শ্রীকুমার বন্দ্যোপাধ্যায়ের 'বঙ্গসাহিত্যে উপন্যাসের ধারা' গ্রন্থের সমালোচনা পদ্ধতি সম্পর্কে আলোচনা করুন। ওই গ্রন্থের যে-কোনো একটি উপন্যাসের আলোচনা করুন। ১০

অথবা

খ) 'বাংলা উপন্যাসের কালান্তর' গ্রন্থে 'উপন্যাসের শিল্পরূপের বৈশিষ্ট্য' সম্পর্কে সমালোচকের বক্তব্যটি বিশদ করুন। ১০

৪. নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দিন: ৫×২=১০

ক) 'বঙ্গসাহিত্যে উপন্যাসের ধারা' ও 'বাংলা উপন্যাসের কালান্তর' বই দুটির প্রথম প্রকাশকাল লিখুন।

খ) উনিশ শতকের দুজন সাহিত্য সমালোচকের নাম লিখুন।

গ) একটি জীবনীমূলক সমালোচনা গ্রন্থ ও তার লেখকের নাম লিখুন।

ঘ) বাংলা সাহিত্যে দুজন মার্ক্সীয় ধারার সাহিত্যসমালোচকের নাম লিখুন।

ঙ) 'The pattern appeals to our aesthetic sense'— কোন লেখকের কোন সমালোচনা গ্রন্থের কথা ?

পরের পাতায় দেখুন...

## একক-৩

৫। ক) তেতাল্লিশের মন্বন্তরের প্রেক্ষাপটের বিবরণ দিয়ে বাংলা ছোটোগল্পে তা কতটা যথাযথভাবে প্রতিফলিত হয়েছে তার মূল্যায়ন করুন। ১০

অথবা

খ) ছেচল্লিশের দাঙ্গা ও দেশভাগের চিত্র লেখকদের উপলব্ধিতে বাংলা উপন্যাসে কীভাবে ধরা পড়েছে তার পরিচয় দিন। ১০

৬। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দিন: ৫×২=১০

ক) 'সবুজ পত্র' পত্রিকা কবে প্রকাশিত হয় এবং এর সম্পাদক কে ছিলেন?

খ) প্রথম বিশ্বযুদ্ধ শুরু এবং শেষের সাল লিখুন।

গ) হিটলার জার্মানির শাসনভার কবে গ্রহণ করেন এবং দ্বিতীয় বিশ্বযুদ্ধ কতসালে শেষ হয়েছিল?

ঘ) তেভাগা আন্দোলন কেন্দ্রিক একটি গল্প ও একটি উপন্যাসের নাম লিখুন।

ঙ) শিয়ালদা স্টেশনকে 'নরকের দরজা' কে বলেছিলেন? ভারতের সংবিধান কতসালে চালু হয়েছিল?

## একক-৪

৭। ক) সাদাত হাসান মান্টোর 'খোল দো' এবং ইসমত চুঘতাইয়ের 'ননহে' গল্পদুটি দাঙ্গার পটভূমিতে রচিত হলেও প্রথম গল্পটিতে দাঙ্গার ভয়াবহ রূপ ও আর্তি প্রকাশ পেয়েছে। দ্বিতীয়টিতে একটি শিশুকে কেন্দ্র করে সাম্প্রদায়িক সম্প্রীতি মানবিক বিষয় হয়ে উঠেছে। বিষয়টি নিজের ভাষায় আলোচনা করুন। ১০

অথবা

খ) উনিশ শতকের বাংলা উপন্যাস পাশ্চাত্যের হাতফেরতা আধুনিকতার সঙ্গে বোঝাপড়ার ফলে আত্মপ্রকাশ করেছিল বলে মনে করা যায় কিনা পর্যালোচনা করুন। ১০

৮। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দিন: ৫×২=১০

ক) সাদাত হাসান মান্টোর গল্প অবলম্বনে তৈরি দুটি সিনেমার নাম লিখুন।

খ) দেশভাগ নিয়ে তৈরি দুটি সিনেমার নাম লিখুন।

গ) 'গরম হাওয়া' ছবির পরিচালক কে? কার গল্প অবলম্বনে ছবিটি তৈরি হয়?

ঘ) বঙ্কিমচন্দ্রের কোন উপন্যাসে চরিত্রের আত্মকথন রীতি অনুসরণ করা হয়েছে? এই উপন্যাসের কথনরীতিতে বঙ্কিম পাশ্চাত্যের কোন উপন্যাসের কথনভঙ্গির দ্বারা প্রভাবিত হয়েছিলেন?

ঙ) ইংরেজি 'নভেল' শব্দের উনিশ শতকে প্রচলিত দুটি বাংলা প্রতিশব্দের নাম লিখুন।